দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 2 6 MAY 2016 ...
পৃষ্ঠা ...১৪... কলাম ...৫... ......

## মাদ্রাসা শিক্ষার্থী ও শিক্ষকের জেল

**স্টাফ রিপোর্টার, পঞ্চগড় ॥** অসুস্থ পরীক্ষার্থীর পক্ষে প্রক্সি দিতে গিয়ে ধরা খেল এক মাদ্রাসা শিক্ষার্থী ও শিক্ষক। ভ্রাম্যমাণ আদালতে দু'জনকেই পৃথকভাবে এক বছরের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়। দণ্ডিত শিক্ষার্থীর নাম মোঃ তৌহিদুল ইসলাম। সে আটোয়ারী নেছারিয়া ছালেহিয়া দাখিল মাদ্রাসার দশম শ্রেণীর ছাত্র। অপর দণ্ডিত শিক্ষকের নাম মোঃ জাফর আলী। তিনি মির্জা মাওলানা আলিম উদ্দীন আলিম মাদ্রাসার শিক্ষক। জানা যায়, মঙ্গলবার আটোয়ারী মির্জা গোলাম হাফিজ ডিগ্রী কলেজ কেন্দ্রে আলীম পরীক্ষায় পরীক্ষার্থী মোঃ আল-মামুনের পৌরনীতি বিষয়ের পরীক্ষা ছিল। কিন্তু সে অসুস্থ থাকায় তার পরিবর্তে প্রক্সি দিতে আটোয়ারী নেছারিয়া ছালেহিয়া দাখিল মাদ্রাসার দশম শ্রেণীর ছাত্র তৌহিদুল ইসলামকে মির্জা মাওলানা আলিম উদ্দীন আলিম মাদ্রাসার শিক্ষক জাফর আলী নিয়ে যান। গোপন সংবাদে খবর পেয়ে পুলিশ পরীক্ষা কেন্দ্র থেকে তৌহিদুলকে আটক করে। তার স্বীকারোক্তিতে শিক্ষক জাফর আলীকেও আটক করা হয়।